# পাইথন প্রোগ্রামিং

পর্ব ২০

**মোহাম্মদ মিজানুর রহমান নয়ন**


*সাবেক বিভাগীয় প্রধান, বিসিআই ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউট; সাবেক লেকচারার, ওয়ার্ল্ড ইউনিভার্সিটি অব বাংলাদেশ ও পিপলস ইউনিভার্সিটি অব বাংলাদেশ*

## গ্রাফিক্যাল ইউজার ইন্টারফেস (পর্ব-২)

### লেভেল ব্যবহার করা

লেভেল ব্যবহার করে জিইউআই উইন্ডোতে যেকোনো টেক্সট প্রদর্শন করা যায়। এজন্য Label() মেথডকে ব্যবহার করতে হবে এবং এর text প্রপার্টিতে কী টেক্সট প্রদর্শিত হবে তা প্রদান করতে হবে।

```
from tkinter import *
top=Tk()
lbl=Label(top,text=”Hellow how are you”)
lbl.pack()
top.mainloop()
```





চিত্র : লেভেল ব্যবহার করে টেক্সট প্রদর্শন করা

### ম্যাসেজ প্রদর্শন করা

জিইউআই উইন্ডোতে কোনো ম্যাসেজ প্রদর্শন করার জন্য Message() মেথড ব্যবহার করতে হবে। Message()মেথডের প্রপার্টিতে কী ম্যাসেজ প্রদর্শন করা হবে তা প্রদান করতে হবে।

```
from tkinter import *
root=Tk()
msg=Message(root, text=”Hellow Nayan”)
msg.pack()
root.mainloop()
```




চিত্র : ম্যাসেজ প্রদর্শন করা

- ম্যাসেজের ব্যাকগ্রাউন্ড কালার, ফোর গ্রাউন্ড কালার, ফন্ট প্রপার্টি পরিবর্তন করার জন্য config () মেথড ব্যবহার করতে হবে।

```
from tkinter import *
root=Tk()
msg=Message(root, text=”Hellow Nayan”)
msg.config(bg=’green’, fg=’blue’, font=(‘arial’,36,’bold’))
msg.pack()
root.mainloop()
```





চিত্র : ম্যাসেজের ব্যাকগ্রাউন্ড কালার, ফোর গ্রাউন্ড কালার, ফন্ট প্রপার্টি পরিবর্তন করা

### বাটন ব্যবহার করা

বাটন ব্যবহার করে ক্লিকের মাধ্যমে প্রোগ্রামে নির্দেশনা প্রদান করা যায়। বাটন তৈরি করার জন্য Button() মেথড ব্যবহার করতে হবে। text প্রপার্টি ব্যবহার করে বাটনের লেভেল সেট করা যায়। বাটন ক্লিক করার পর কী কার্য সম্পাদন করবে তা command প্রপার্টির মাধ্যমে সেট করতে হবে।


```
from tkinter import *
top=Tk()
b=Button(top, text = “Exit” , command= top.destroy)
b.pack()
top.mainloop()
```




চিত্র : বাটন

- একাধিক বাটন ব্যবহার করে একাধিক কার্য সম্পাদন করার পদ্ধতি দেখানো হলো। প্রোগ্রামটিতে Hellow বাটনে প্রেস করা হলে “Hellow Nayan” ম্যাসেজ স্ক্রিনে প্রদর্শিত হবে আর Exit বাটনে প্রেস করা হলে তা প্রোগ্রাম থেকে বেরিয়ে যাবে।

```
from tkinter import *
top=Tk()
def msg():
    print (“Hellow Nayan”)
b1=Button(top, text = “Hellow” , command= msg)
b1.pack()
b2=Button(top, text = “Exit” , command= top.destroy)
b2.pack()
top.mainloop()
```





চিত্র : একাধিক বাটন ব্যবহার করা

### টেক্সট বক্স ব্যবহার করা

টেক্সট বক্স ব্যবহার করে ইউজার থেকে কোনো ইনপুট গ্রহণ করা যায়। Entry () মেথড ব্যবহার করে টেক্সট বক্স তৈরি করা যায়।


```
from tkinter import *
top=Tk()
e=Entry(top,bd=5)
e.pack()
```




চিত্র : টেক্সট বক্স

- টেক্সট বক্সে ইউজারের কাছ থেকে কোনো ডাটা গ্রহণ করার সময় ডাটাকে “*” দিয়ে পরিবর্তন করা জন্য টেক্সট বক্সের show প্রপার্টি সেট করতে হবে। ইউজারের পাসওয়ার্ড প্রদান করার সময় যাতে পাসওয়ার্ডটি হাইড থাকে সে জন্য এই পদ্ধতি ব্যবহার করা যায়।

```
from tkinter import *
top=Tk()
l1=Label(top, text=”Password”)
e1=Entry(top,bd=5, fg=’blue’,show=’*’)
l1.pack(side=LEFT)
e1.pack(side=RIGHT)
main.mainloop()
```





চিত্র : ইনপুট গ্রহণের সময় ইউজারের ডাটা হাইড করা

## লিস্ট বক্স ব্যবহার করা

লিস্ট বক্স ব্যবহার করে একসেট ডাটাকে লিস্ট হিসেবে প্রদর্শন করা যায়। লিস্ট বক্স তৈরি করার জন্য Listbox() মেথড ব্যবহার করতে হবে।

```
from tkinter import *
top=Tk()
lst=Listbox(top,height=10)
lst.insert(END,"Saturday")
lst.insert(END,"Sunday")
lst.insert(END,"Monday")
lst.insert(END,"Tuesday")
lst.insert(END,"Wednesday")
lst.insert(END,"Thursday")
lst.insert(END,"Friday")
lst.pack()
```





চিত্র : লিস্ট বক্স

## চেক বক্স ব্যবহার করা

চেক বক্স ব্যবহার করে একাধিক অপশন থেকে এক বা একাধিক অপশন সিলেক্ট করা যায়। চেক বক্স তৈরি করার জন্য Checkbutton()মেথড ব্যবহার করতে হবে। চেক বক্সের লেভেল text প্রপার্টির মাধ্যমে সেট করতে হবে। চেক বক্স ক্লিক করা হলে কী ভ্যালু পাস হবে তা onvalue প্যারামিটারে সেট করতে হবে।

```
from tkinter import *
top=Tk()
chk1=Checkbutton(top, text="Yes", onvalue='1' , offvalue=0, height=5, width=20)
chk2=Checkbutton(top, text="No", onvalue='1', offvalue=0, height=5, width=20)
chk1.pack()
chk2.pack()
top.mainloop()
```





চিত্র : চেক বক্স

## রেডিও বাটন ব্যবহার করা

রেডিও বাটন ব্যবহার করে একাধিক অপশন থেকে কোনো একটি অপশন সিলেক্ট করা যায়। রেডিও বাটন তৈরি করার জন্য Radiobutton() মেথড ব্যবহার করতে হবে।

রেডিও বাটনের লেভেল text প্রপার্টির মাধ্যমে সেট করতে হবে। রেডিও বাটনে প্রেস করা হলে কী ভ্যালু পাস হবে তা value প্রপার্টির মাধ্যমে সেট করতে হবে।

```
from tkinter import *
top = Tk()
v = IntVar()
rd1=Radiobutton(top,text="Male", variable=v, value=1)
rd1.pack(anchor=W)
rd2=Radiobutton(top,text="Female",variable=v,value=2)
rd2.pack(anchor=W)
top.mainloop()
```




চিত্র : রেডিও বাটন

কজ

*ফিডব্যাক : mrn_bd@yahoo.com*

CJLive
Offer LIVE Webcasting and Conferencing

f LIVE
YouTube LIVE



Web Conferencing Solution
StreamingLive

Starting From
Only 15,000 BDT

About Us

The Comjagat Technologies provides Live Webcasting services to Government Organizations, Business Organizations, NGO's, Educational Institutions, other types of organizations and individuals. We provide Live Webcasting services, which attract more viewers from any part of the world to attend a live event online. It has 7 years' Experience in this area and covered 500+ local and international events.

Our Service
- Live Webcast
- High Quality Video DVD
- Online archive
- Multimedia Support
- Switching Panel

The program we live webcast...
- Seminar, Workshop
- Wedding ceremony
- Press conference
- AGM or
- Any event

01670223187
01711936465

cj comjagat TECHNOLOGIES
House- 29, Road- 6, Dhanmondi,
Dhaka- 1205, E-mail: live@comjagat.com